আজকের কাগজ

তারিখ 22 APR 1993
পৃষ্ঠা ৬ কলাম ৭

# রাজাপুর কলেজে ১৫ জন পরীক্ষার্থী প্রবেশপত্র ছাড়াই ডিগ্রী পরীক্ষায় অংশ নিচ্ছে

চলতি বছরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে বর্তমানে অনুষ্ঠানরত ডিগ্রী (পাস) পরীক্ষায় ঝালকাঠি জেলার রাজাপুর ডিগ্রী কলেজের ১৫ জন ছাত্র বৈধ কাগজপত্র কিংবা প্রবেশপত্র ছাড়াই পরীক্ষায় অংশ নিচ্ছে। গত ৩১ মার্চ এ পরীক্ষা শুরুর পূর্বে সংশ্লিষ্ট ছাত্ররা জানতে পারেন যে, তাঁদের প্রবেশপত্র আসেনি। তারা তাৎক্ষণিকভাবে কলেজের অধ্যক্ষের কাছে তাঁদের ভবিষ্যৎ জানতে চাইলে অধ্যক্ষ পরিস্থিতি বিবেচনা করে সাদা কাগজে অফিস সীল ও স্বাক্ষর করে ভুয়া রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ছাত্রদের পরীক্ষা নেয়ার ব্যবস্থা করেন। খবর পেয়ে রাজাপুর থানা 'নির্বাহী কর্মকর্তা ঘটনাস্থল পরিদর্শন করে এসব ভুয়া প্রবেশপত্র আটক করেন। তবে অধ্যক্ষ ইউসুব আলীর বিশেষ অনুরোধে সংশ্লিষ্ট ছাত্রদের পরীক্ষা দিতে বাধা দেয়া হয়নি। নির্বাহী কর্মকর্তা জানান, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে তিনি এসব ছাত্রদের কোনো হদিস পাননি এবং এ ধরনের বৈধ কাগজপত্রবিহীন ছাত্রদের পরীক্ষা কক্ষে অবস্থান সম্পূর্ণ বেআইনী। অপরদিকে ছাত্ররা অভিযোগ করেন যে, তারা প্রত্যেকে ২ হাজার থেকে ৩ হাজার টাকা সংশ্লিষ্ট অধ্যক্ষের কাছে পরীক্ষার ফি বাবদ জমা দিয়েছেন। ধারণা করা হচ্ছে যে, সংশ্লিষ্ট অধ্যক্ষ সমুদয় অর্থ আত্মসাৎ করেছেন। ঝালকাঠি থেকে শ্যামল সরকার।